দৈনিক খবর ।।2

তারিখ 30 April 1990
পৃষ্ঠা ৭ ... ৭

৩/

# ঢাকা ভার্সিটি নজরুল গবেষণা কেন্দ্র ব্যবস্থাপনা পরিষদের প্রথম সভা

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত নজরুল গবেষণা কেন্দ্রের ব্যবস্থাপনা পরিষদের প্রথম সভা উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে গত মঙ্গলবার অনুষ্ঠিত হয়।

সভায় সিদ্ধান্তে বলা হয়, আগামী ১১ই জ্যৈষ্ঠ আনুষ্ঠানিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় নজরুল গবেষণা কেন্দ্রের উদ্বোধন করা হবে এবং এতে এম ফিল ও পিএইচডি পর্যায়ে নজরুলের জীবন, সাহিত্য ও সঙ্গীত সম্পর্কে ব্যাপক গবেষণা কর্মের সূচনা হবে।

বাংলা ও ইংরেজী সাহিত্যে এমএ ডিগ্রীধারীরা নজরুল সাহিত্যে, বাংলা, ইংরেজী, ইতিহাস, দর্শন, সমাজ বিজ্ঞানে এমএ ডিগ্রীধারীগণ নজরুল জীবনী এবং যে কোন বিষয়ে এমএ ও বেতার টেলিভিশনে 'ক' শ্রেণীভুক্ত নজরুল সঙ্গীত শিল্পীরা এম ফিল পর্যায়ে গবেষণার জন্যে উপযুক্ত বিবেচিত হবেন তবে তাদের বিশ্ববিদ্যালয়ে এম ফিল গবেষক হবার পূর্বশর্ত পূরণ করতে হবে। গবেষণায় উৎসাহীদের অবিলম্বে বাংলা বিভাগের নজরুল অধ্যাপক ও গবেষণা কেন্দ্রের পরিচালক ডঃ রফিকুল ইসলামের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ জানান হয়েছে।

## জামান—লিভেল সাক্ষাৎ

বর্তমানে বাংলাদেশ সফররত উপশালা বিশ্ববিদ্যালয়ের ভূগোলের অধ্যাপক এল টমি লিভেল গত মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞার সাথে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন।